Bangladesh Association of International Recruiting Agencies
(BAIRA)

স্মারক নং: বায়রা/নির্বাচন/২০৫/২০২৬/৪৩৩

তারিখ: ২৬ শ্রাবণ ১৪৩৩
১০ আগস্ট ২০২৬

জরুরী

প্রাপক:
সম্মানিত সদস্য (সকল)
বায়রা।

বিষয়ঃ **বায়রা'র আসন্ন নির্বাচন উপলক্ষ্যে ভোটার তালিকায় অন্তর্ভুক্তির জন্য আবেদন দাখিল প্রসঙ্গে।**

সূত্র: নির্বাচন বোর্ডের তফসিল নং-বায়রা/নির্বাচন/২০২৬-২০২৮/০১, তারিখ ০৯/০৭/২০২৬

মহোদয়,

আস্‌সালামু আলাইকুম ওয়া রাহমাতুল্লাহি ওয়া বারাকাতুহু।

উপর্যুক্ত বিষয়ে আপনি সদয় অবগত আছেন যে, ২৭(সাতাশ) সদস্য বিশিষ্ট বায়রা কার্যনির্বাহী কমিটির ২০২৬-২০২৮ মেয়াদী দ্বি-বার্ষিক নির্বাচন আগামী ১৪ নভেম্বর ২০২৬ তারিখ (শনিবার) অনুষ্ঠিত হবে। সে লক্ষ্যে নির্বাচন বোর্ড কর্তৃক ইতোমধ্যে তফসিল ঘোষণা করা হয়েছে। উক্ত তফসিলের ক্রমিক নং-২ এ **"(ক) সদস্য পদ নবায়নের সর্বশেষ সময়সীমা (সদস্যগণের ৩১ ডিসেম্বর ২০২৬ পর্যন্ত বার্ষিক চাঁদা ও অন্যান্য বকেয়া পরিশোধ থাকতে হবে)"** মর্মে বর্ণিত আছে। সে অনুযায়ী ভোটার তালিকায় নাম অন্তর্ভুক্তির জন্য নিম্নবর্ণিত প্রয়োজনীয় ডকুমেন্টস নির্বাচন তফসিলে বর্ণিত সময় (১৪ সেপ্টেম্বর ২০২৬) এর মধ্যে নির্বাচন বোর্ডে জমা দিতে হবে:

i. হালনাগাদ রিক্রুটিং লাইসেন্স এর সত্যায়িত প্রতিলিপি দাখিল (১৪ সেপ্টেম্বর ২০২৬ পর্যন্ত);
ii. সংশ্লিষ্ট কোম্পানী/ফার্মের হালনাগাদ ট্রেড লাইসেন্সের ফটোকপি (৩০ জুন ২০২৬ পর্যন্ত হালনাগাদকৃত);
iii. হালানাগাদ ইনকাম ট্যাক্স সার্টিফিকেট/রিটার্ন জমা রশিদের ফটোকপি;
[প্রোপাইটরশীপ প্রতিষ্ঠানের ক্ষেত্রে ব্যক্তির আয়কর সনদ (Assessments Year 2025-2026) এবং লিমিটেড/অংশীদারি প্রতিষ্ঠানের ক্ষেত্রে প্রতিষ্ঠানের আয়কর সনদ দাখিল করতে হবে (Assessments Year 2024-2025);
iv. লিমিটেড কোম্পানির ক্ষেত্রে পরিচালনা পর্ষদ কর্তৃক প্রতিনিধি (কোম্পানির শেয়ার হোল্ডার হতে হবে) মনোনয়নের রেজুলেশনের মূলকপি; অংশীদারী কারবারের ক্ষেত্রে অংশীদারদের দ্বারা মনোনীত প্রতিনিধির মনোনয়নপত্র, ব্যক্তি মালিকানাধীন প্রতিষ্ঠানের ক্ষেত্রে মালিকই প্রতিনিধি হবেন;
v. প্রতিনিধির সদ্য তোলা দুই কপি পাসপোর্ট সাইজ রঙ্গিন ছবি;
vi. সংঘবিধি অনুযায়ী সদস্য নবায়ন সনদ/হালনাগাদ তথ্যাদি (৩১ ডিসেম্বর ২০২৬ পর্যন্ত চাঁদা পরিশোধের রশিদ);
vii. জাতীয় পরিচয় পত্রের ফটোকপি।

এমতাবস্থায়, বায়রা কল্যাণ তহবিলের বকেয়া বায়রা ডাটাবেজ অফিসে (৭৭/২, কাকরাইল, ঢাকা-১০০০) নগদে/পে-অর্ডারের মাধ্যমে পরিশোধপূর্বক যাদের সদস্যপদ নবায়ন হয়নি সদস্যপদ হালনাগাদ করে ভোটার হওয়ার নিমিত্ত প্রয়োজনীয় ডকুমেন্টস **আগামী ১৪ সেপ্টেম্বর ২০২৬ তারিখের মধ্যে** জমা প্রদানের জন্য নির্দেশক্রমে অনুরোধ জানানো হলো।

এ বিষয়ে কোন জিজ্ঞাস্য থাকলে বায়রা সচিবালয়ের সাথে যোগাযোগ করার নিমিত্ত অনুরোধ করা গেল।

বায়রা পক্ষে,

(মোঃ নজরুল ইসলাম)
সচিব, বায়রা

অনুলিপিঃ

১। প্রশাসক, বায়রা
২। চেয়ারম্যান, বায়রা নির্বাচন বোর্ড, বায়রা নির্বাচন ২০২৬-২০২৮
৩। বায়রা ডাটাবেজ, কাকরাইল।

BAIRA BHABAN: 130, New Eskaton Road, Dhaka-1000, Bangladesh. Tel: +88-02-41032136-38, Fax: +88-02-41032144
E-mail: baira1984@gmail.com, info@baira.org.bd, Web: www.baira.org.bd